

যে মেয়েটি খবরের কাগজ বেচে  
নির্মলা পুতুল

মেয়েটি খবরের কাগজ বেচে  
খবরের কাগজ নাকি খবর বেচে!  
তা আমি জানি না  
কিন্তু আমি জানি যে ও  
একটা রুটির জন্য নিজের গলার আওয়াজ বিক্রি করছে

খবরের কাগজে ছবি ছাপা হয়েছে  
ওরই মতো কয়েকজন হতভাগিনীর ছবি  
যার সঙ্গে ওর চেহারা একটু একটু মেলে  
কখনো কখনো ও ছবি দেখে  
কখনো ও নিজেকে দেখে  
কখনো দেখে ক্রেতাদের

ও জানেনা আজকের কাগজের  
তাজা খবর কি  
ও যেটুকু জানে, তা হলো  
কাল একজন পুলিশ  
একটু চটুল ঠাট্টা মশকরা করার জন্য ধমক দিয়েছিল  
ও একথা জানতই না যে খবরের কাগজ নয়  
আসলে নিজেকেই বিক্রি করছে  
কারণ কাগজে ওরই মতো  
কয়েকজন মেয়ের ছবি ছাপা হয়েছে  
যাদের সঙ্গে ওর চেহারা বেশ মিলে যায়।

বেঘর সপনে কাব্যগ্রন্থের কবিতা “আখবর বেচতি লেড়কি”র বাংলা অনুবাদ। মৃন্ময় প্রামানিক।

## **The Lady who Sells Newspapers**

The lady sells newspapers  
Is she selling newspapers or news?  
I did not know about it  
But I certainly know  
She is selling her voices for a roti

A photo has been printed in the Newspaper  
Some poor ladies like her  
She resembles to them to some extent  
Sometimes she looks at the photo  
Sometimes she looks at herself  
Sometimes she looks at the customers

She does not know what is  
The hot news of today's paper  
She knows only this  
Yesterday, a policeman  
Scolded her while cracking some lusty jokes  
She was but disturbed by this  
She is not selling newspapers but herself  
Because the newspaper carries a photo  
Of some ladies like her and  
She resembles to them

*Beghar Sapne*, "Akhbar Behti Ladki", translation into English by Mrinmoy Pramanick